

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd

স্মারক নং ৫৮.০৪.০০০০.১৯-০৩.০২৪.২০১৯- ১৪৫০ (৪০)


তারিখঃ ০৮ কার্তিক'১৪২৬  
২৪ অক্টোবর'২০১৯

বিষয় : কারাগারে বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতি প্রতিরোধ

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, সামাজিক যোগাযোগ মাধ্যম, নামে-বেনামে আবেদন, গোয়েন্দা তথ্য এবং অন্যান্য বিশ্বস্ত সূত্রে বিভিন্ন কারাগার পরিচালনায় নানা অনিয়ম ও শৃঙ্খলা পরিপন্থী কাজের অভিযোগ পাওয়া যাচ্ছে যা কখনোই কাঙ্ক্ষিত নয়। তাছাড়া সাম্প্রতিক সময়ে মন্ত্রণালয় ও দুর্নীতি দমন কমিশন কর্তৃক কতিপয় অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন হতাশাজনক ও বিব্রতকর।

আপনার নিয়ন্ত্রণাধীন কারাগারসমূহে যথাযথ তদারকি নিশ্চিত করতঃ সকল প্রকার অনিয়ম ও বিশৃঙ্খলা প্রতিরোধে সর্বোচ্চ সচেষ্ট থাকতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। এ নির্দেশনার কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ দায়ী হবেন এবং বিধি মোতাবেক কঠোর শাস্তি নিশ্চিত করা হবে।

এমতাবস্থায়, বর্তমান অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি থেকে উত্তরণের জন্য বাংলাদেশ জেল এর সকল সদস্যকে সুশৃঙ্খল ও একতাবদ্ধ হয়ে সর্বোচ্চ পেশাদারিত্ব নিয়ে কারাবিধি মেনে দায়িত্ব পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
২৪/১০/২০১৯  
এ কে এম মোস্তফা কামাল পাশা  
ব্রিগেডিয়ার জেনারেল  
কারা মহাপরিদর্শক  
ig@prison.gov.bd

কারা উপ মহাপরিদর্শক

সকল বিভাগ, সকল সদর দপ্তর।

অনুলিপি জ্ঞাতার্থে :

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। কারা উপ মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা-১/২, পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার/স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ)।
- ৯। শাখা প্রধান (সকল শাখা), কারা অধিদপ্তর, ঢাকা।
- ১০। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
- ১১। গার্ড ফাইল।